আল জাজিরার প্রতিবেদন: বার্গম্যানসহ চার জনের বিরুদ্ধে মামলা

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরায় প্রকাশিত ‘অল দ্য প্রাইম মিনিস্টার’স মেন’ শীর্ষক প্রতিবেদনটির জন্য রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে ব্রিটিশ সাংবাদিক ডেভিড বার্গম্যান, হাঙ্গেরি প্রবাসী শায়ের জুলকারনাইন সামিসহ চার জনের বিরুদ্ধে মামলার আবেদন করা হয়েছে। বুধবার (১৭ ফেব্রুয়ারি) বঙ্গবন্ধু ফাউন্ডেশনের নির্বাহী সভাপতি অ্যাডভোকেট মশিউর মালেক বাদী হয়ে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আশেক ইমামের আদালতে মামলাটির আবেদন করেন।

বেলা ১১টা ৩০ মিনিটে আদালত বাদীর জবানবন্দি রের্কড করে আদেশ পরে দেবেন বলে জানান।

মামলার অপর আসামিরা হলেন-ইন্ডিপেন্ডেন্ট ওয়ার্ল্ড রিপোর্ট এর সম্পাদক তাসনিম খলিল ও আল জাজিরা টেলিভিশনের ডিরেক্টর জেনারেল মোস্তফা স্যোউয়াগ।

মামলার এজাহারে বলা হয়েছে, আসামিরা পরস্পর যোগসাজশে একই উদ্দেশ্যে বাংলাদেশ সরকার ও রাষ্ট্রের সুনাম হানি করে আন্তর্জাতিক পরিমন্ডলে অপপ্রচার চালিয়েছে। তারা রাষ্ট্রদ্রোহিতা মূলক অপরাধে লিপ্ত আছে। তারা যৌথভাবে তাদের অজ্ঞাতনামা সহযোগীদের নিয়ে ভুয়া মিথ্যা তথ্য দিয়ে প্রতিবেদন তৈরি করে গত ১ ফেব্রুয়ারি রাতে ‘অল দ্য প্রাইম মিনিস্টার্স মেন (All The Prime Minister’s Men)’ নামে বাংলাদেশ রাষ্ট্র ও সরকার বিরোধী একটি প্রতিবেদন প্রচার করে এবং ওই প্রতিবেদন ইউটিউবেও ব্যাপকভাবে প্রচার করে। যা পরেরদিন বিভিন্ন মুদ্রিত ও অনলাইন পত্রিকায়ও প্রচারিত হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যদের জন্য ইসরায়েল থেকে কিছু সামরিক ব্যবহার্য গোয়েন্দা সরঞ্জাম কেনা হয়েছে যাতে ব্যাপক দুর্নীতি হয়েছে। এ ক্রয়ের সঙ্গে জড়িত সেনাপ্রধান আজিজ আহমেদ দুর্নীতি করেছেন এবং তিনি প্রধানমন্ত্রীর লোক, তার মাধ্যমে বর্তমান সরকার দেশে গণবিরোধী ও দুর্নীতি কার্যক্রম চালিয়ে জনগণকে সে ব্যাপারে কথা বলতে না দিয়ে জোর করে